

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১৩৯৫

৫/ সালাত কায়িম করা ও নিয়ম-কানুন (كتاب إقامة الصلاة والسنة)

পরিচ্ছেদঃ ৫/১৯৩. সালাত গুনাহের কাফফারাস্বরূপ।

بَابِ مَا جَاءَ فِي أَنَّ الصَّلَاةَ كَفَّارَةٌ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، وَنَصْرُ بْنُ عَلِيّ، قَالاَ حَدَّثَنَا وَكِيعٌ، حَدَّثَنَا مِسْعَرٌ، وَسُفْيَانُ، عَنْ عُثْمَانَ بْنِ الْمُغِيرَةِ التَّقَفِيّ، عَنْ عَلِيّ بْنِ رَبِيعَةَ الْوَالِبِيّ، عَنْ أَسْمَاءَ بْنِ الْحَكَمِ الْفَزَارِيِّ، عَنْ عَلِيّ بْنِ أَبِي طَالِبٍ، قَالَ كُنْتُ إِذَا سَمِعْتُ مِنْ، رَسُولِ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ حَدِيثًا يَنْفَعُنِي اللَّهُ بِمَا شَاءَ مِنْهُ وَإِذَا حَدَّثَنِي عَنْهُ غَيْرُهُ اسْتَحْلَفْتُهُ فَإِذَا حَلَفَ صَدَقْتُهُ وَإِنَّ أَبَا بَكْرٍ حَدَّثَنِي وَصَدَقَ أَبُو بَكْرٍ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ " مَا مِنْ رَجُل يُذْنِبُ ذَنْبًا فَيَتَوَضَّا أُ فَيُحْسِنُ الْوُضُوءَ ثُمَّ يُصلِّي رَكْعَتَيْنِ _ وَقَالَ مِسْعَرٌ ـ وَقَالَ مِسْعَرٌ ـ وَيَسْتَغْفِرُ اللَّهُ إِلاَّ غَفَرَ اللَّهُ لَهُ " .

বাংলা

১/১৩৯৫। আলী ইবনু আবূ তালিব (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, যখন আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর নিকট হাদীস শুনতাম, তখন আল্লাহু তার দ্বারা আমার যতটুকু উপকার করতে চাইতেন করতেন। আর অন্য কেউ তাঁর থেকে আমার নিকট হাদীস বর্ননা করলে আমি তাকে শপথ করাতাম। সে শপথ করার পর আমি তাকে বিশ্বাস করতাম।

আবৃ বকর (রাঃ) আমার নিকট হাদীস বর্ননা করতেন এবং তিনি সত্য বলতেন। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কোন ব্যক্তি গুনাহ করার পর উত্তমরূপে উযূ (ওজু/অজু/অযু) করে দু রাকআত সালাত (নামায/নামাজ) পড়ে আল্লাহ্র নিকট ক্ষমা প্রার্থনা করলে আল্লাহ তাকে ক্ষমা করে দেন।

মিসআর (রহঃ)-এর বর্ণনায় শুধু সালাত উল্লেখ আছে (রাকআত সংখ্যা উল্লেখ নাই)।

English



It was narrated that 'Ali bin Abu Talib said:

"If I heard a Hadith from the Messenger of Allah (ﷺ), Allah benefitted me with it as much as He willed, and if I heard it from anyone else, I would ask him to swear me an oath, then if he swore an oath I would believe him. Abu Bakr told me and Abu Bakr spoke the truth that the Messenger of Allah (ﷺ) said: 'There is no man who commits a sin then he performs ablution and does it well, then he prays two Rak'ah,' (one of the narrators) Mis'ar said: 'then performs prayer and seeks the forgiveness of Allah, but Allah will forgive him.'

ফুটনোট

তাখরীজ কুতুরুত সিত্তাহ: তিরমিয়ী ৪০৬, ৩০০৬; আবৃ দাউদ ১৫২১, আহমাদ ২, ৪৮, ৫৭।

তাহক্বীক্ব আলবানী: হাসান। তাখরীজ আলবানী: মিশকাত ১৩২৪, সহীহ আবী দাউদ ১৩৬১।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন